

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নীলফামারী সদর, নীলফামারী।
nilphamarisadar.nilphamari.gov.bd

নং - ০৫.৪৭.৭৩৬৪.০০০.০৩.০০৪.১৭- ৭৫৭

তারিখঃ ২৯ অক্টোবর ২০১৮ খ্রিঃ।

“নিয়োগ বিজ্ঞপ্তি”

নীলফামারী সদর উপজেলাধীন নিম্ন বর্ণিত ইউনিয়নে মহল্লাদার পদে লোক নিয়োগের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নে উল্লেখিত শর্তাধীনে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

পদের নাম	ইউনিয়নের নাম	শূন্য পদের সংখ্যা	নিয়োগযোগ্য ওয়ার্ড নম্বর
মহল্লাদার	চওড়া বড়গাছা	০২	০৮, ০৯
	পলাশবাড়ী	০১	০৯

শর্তাবলী :

- ০১। প্রার্থীকে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা ও প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ বছর (মুক্তিযোদ্ধা কোটার প্রার্থীর ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছর) হতে হবে (৩১-১০-২০১৮ খ্রিঃ তারিখে)।
- ০২। কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।
- ০৩। পুরুষ প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ০৫ফুট ০২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক); ৩২ইঞ্চি(সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ০৫ফুট, বুকের মাপ ২৮ ইঞ্চি(স্বাভাবিক); ৩০ইঞ্চি(সম্প্রসারণ), সর্বনিম্ন ওজন ৪৫ কেজি হতে হবে।
- ০৪। মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন বা সম্ভব হলে ওয়ার্ড হতে নিয়োগ প্রদান করা হবে।
- ০৫। মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে শর্তসাপেক্ষে উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত দফাদার/মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার প্রদান করা হবে। এক্ষেত্রে পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের উপযুক্ত প্রমাণপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।
- ০৬। আবেদনপত্রে ক) প্রার্থীর নাম, খ) পিতার নাম, গ) মাতার নাম, ঘ) স্থায়ী ঠিকানা (ইউনিয়ন, ওয়ার্ড নং), ঙ) বর্তমান ঠিকানা, চ) জন্ম তারিখ, ছ) জাতীয়তা, জ) শিক্ষাগত যোগ্যতা, ঝ) অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।
- ০৭। আবেদনপত্রের সাথে সদ্য তোলা দুইকপি পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক ওয়ার্ড নম্বর উল্লেখসহ নাগরিকত্বসনদপত্র বয়স প্রমাণের জন্য অনলাইন জন্ম নিবন্ধন সনদ/জাতীয় পরিচয়পত্র ও শিক্ষাগতযোগ্যতার মূল সনদপত্রের সত্যায়িত ফটোকপি এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র সংযুক্ত করতে হবে।
- ০৮। আবেদনকারীকে আগামী ৩১-১০-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে ডাকযোগে/সরাসরি অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসার, নীলফামারী সদর বরাবর আবেদন পত্র দাখিল করতে হবে।
- ০৯। সরকার কর্তৃক জারিকৃত কোটা অনুসরণ করা হবে।
- ১০। এ অফিসের গত ২৪-০৪-২০১৭ খ্রি. তারিখের ০৫.৪৭.৭৩৬৪.০০০.০৩.০০৪.১৭-৩১০ নং স্মারকে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা চওড়া বড়গাছা ইউনিয়নের ০৩নং ওয়ার্ডের মহল্লাদারের শূন্য পদে নিয়োগের জন্য আবেদন করেছেন, তাদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই।
- ১১। নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

মোঃ মনুন্ ভূইয়া
উপজেলা নির্বাহী অফিসার
নীলফামারী সদর, নীলফামারী।

০৫৫১-৬১৩৯৬
ই-মেইল-umon@shamari@mopa.gov.bd

চলমান -০২

স্মারক নং - ০৫.৪৭.৭৩৬৪.০০০.০৩.০০৪.১৭-

৭৫৭/১(৪০)

তারিখঃ ১৪ অক্টোবর ২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। জেলা প্রশাসক, নীলফামারী।
- ০২। সিভিল সার্জন, নীলফামারী।
- ০৩। পুলিশ সুপার, নীলফামারী।
- ০৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নীলফামারী সদর, নীলফামারী।
- ০৬। অফিসার ইনচার্জ, নীলফামারী সদর থানা, নীলফামারী।
- ০৭। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, নীলফামারী সদর, নীলফামারী।
- ০৮। উপজেলা কর্মকর্তা, নীলফামারী সদর, নীলফামারী।
- ০৯। চেয়ারম্যান, চওড়া বড়গাছা/পলাশবাড়ী ইউপি, নীলফামারী সদর, নীলফামারী।
- ১০। চেয়ারম্যান, ইউপি(সকল), নীলফামারী সদর, নীলফামারী।
- ১১। ইউপি সচিব, চওড়া বড়গাছা/পলাশবাড়ী ইউপি, নীলফামারী সদর, নীলফামারী। নিয়োগ বিজ্ঞপ্তি বিধি মোতাবেক ইউনিয়ন ও ওয়ার্ডের গুরুত্বপূর্ণ স্থান, ইউনিয়ন তথ্য বাতায়ন এবং হাট-বাজারে প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

উপজেলা নিবাহী অফিসার

নীলফামারী সদর, নীলফামারী।